দৈনিক ইত্তেফাক

তারিখ 22 SEP 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

# পলিটেকনিক শিক্ষকদের কর্মবিরতি শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ ১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে দেশের ২০টি পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষকবৃন্দ গতকাল (সোমবার) হইতে অনির্দিষ্টকালের জন্য কর্ম-

(১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পলিটেকনিক শিক্ষকদের

(প্রথম পৃঃ পর)

বিরতি শুরু করিয়াছেন। প্রথম দিনে কেন্দ্রীয় কর্মসূচীর আওতায় ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটে সশিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ১০ দফা দাবী আদায় না হওয়া পর্যন্ত কর্মবিরতি অব্যাহত রাখার আহ্বান জানান হয়। বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির সভাপতি খন্দকার শাহাব উদ্দিন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমান, শাখাওয়াৎ হোসেন মোল্লা, হরিপদ দাস, এম, ইদ্রিস আলী, মোঃ আলী মিয়া, ইয়াকুব আলী ও মোঃ ফেরদৌস প্রমুখ বক্তৃতা করেন। ইহাছাড়া গতকাল দেশের অন্যান্য পলিটেকনিক ইন্সটিটিউটে শিক্ষকদের পৃথক সমাবেশ অনুষ্ঠিত হয় বলিয়া পলিটেকনিক শিক্ষক সমিতি বিবৃতিতে জানাইয়াছে।